



খালেদা জিয়ার গাড়িবহরে হামলার আসামি যুবলীগ নেতা গ্রেপ্তার



ছবি: সংগৃহীত

রাজধানীতে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার গাড়িবহরে হামলার ঘটনায় দায়ের হওয়া মামলার এক আসামিকে গ্রেপ্তার করেছে পুলিশ।

গ্রেপ্তার ব্যক্তি হাম্মান মিয়া, যিনি কার্যক্রম নিষিদ্ধ যুবলীগের একজন নেতা হিসেবে পরিচিত।

সোমবার (৩ আগস্ট) ভোরে চাঁদপুর সদর উপজেলার তরপুরচণ্ডী এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করে সদর মডেল থানা পুলিশ।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে উপপরিদর্শক (এসআই) গাজী কামালের নেতৃত্বে পরিচালিত অভিযানে হাম্মান মিয়াকে গ্রেপ্তার করা হয়। তিনি চাঁদপুর সদর উপজেলার তরপুরচণ্ডী এলাকার বাসিন্দা এবং রাজধানীর তেজগাঁওয়ের ২ নম্বর ইউনিট যুবলীগের সভাপতি ছিলেন।

সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ ফয়েজ আহমেদ বলেন, সন্ত্রাসবিরোধী আইনে দায়ের করা একটি মামলায় হাম্মান মিয়াকে গ্রেপ্তার করা হয়েছে। নিষিদ্ধ ঘোষিত একটি সংগঠনের মিছিলের ঘটনায় তার বিরুদ্ধে মামলা রয়েছে। আদালতে হাজির করার পর বিচারকের নির্দেশে তাকে কারাগারে পাঠানো হয়েছে।

চাঁদপুরের অতিরিক্ত পুলিশ সুপার মো. লুৎফর রহমানও গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, মামলার তদন্তের অংশ হিসেবে আইনানুগ প্রক্রিয়ায় হাম্মান মিয়াকে আটক করা হয়েছে।

প্রসঙ্গত, ২০১৫ সালে বাংলামোটর এলাকায় খালেদা জিয়ার গাড়িবহরে হামলার অভিযোগে ২০২৪ সালের ২৩ নভেম্বর একটি মামলা দায়ের করা হয়। ওই মামলায় আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরসহ দুই শতাধিক ব্যক্তিকে আসামি করা হয়। হাম্মান মিয়া সেই মামলার ১৭৮ নম্বর আসামি।